রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, এপ্রিল ১৮, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা ১২ এপ্রিল ২০১৬/২৯ চৈত্র ১৪২২

**নম্বর—০৪.০০.০০০০.৫১২.৮২.০৪১.১৬-১৬৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার রূপপুরে বাস্তবায়নাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের সার্বিক নিরাপত্তা বিধান ও কার্যাদি সম্পাদনে সহযোগিতা প্রদান ও মনিটরিং-এর জন্য নিম্নরূপ 'মনিটরিং টিম' গঠন করেছে:

**(ক) কমিটির গঠন:**

| | | |
|---|---|---|
| (১) | বিভাগীয় কমিশনার, রাজশাহী | আহবায়ক |
| (২) | ডিআইজি, রাজশাহী রেঞ্জ, রাজশাহী | সদস্য |
| (৩) | প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প (প্রথম পর্যায়)/প্রতিনিধি | সদস্য |
| (৪) | জেলা প্রশাসক, পাবনা | সদস্য |
| (৫) | জেলা প্রশাসক, কুষ্টিয়া | সদস্য |
| (৬) | জেলা প্রশাসক, নাটোর | সদস্য |
| (৭) | পুলিশ সুপার, পাবনা | সদস্য |
| (৮) | পুলিশ সুপার, কুষ্টিয়া | সদস্য |
| (৯) | পুলিশ সুপার, নাটোর | সদস্য |
| (১০) | সাইট ইনচার্জ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, রূপপুর প্রকল্প সাইট | সদস্য |



**মূল্য ঃ** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| (১১) | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| (১২) | অফিসার ইনচার্জ, ঈশ্বরদী থানা, পাবনা | সদস্য |
| (১৩) | উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঈশ্বরদী, পাবনা | সদস্য-সচিব |

(খ) কমিটি প্রয়োজনে কোন কর্মকর্তাকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।

**(গ) কার্যপরিধি:**

(১) কেপিআই হিসাবে ঘোষিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র ও সন্নিহিত এলাকার সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান এবং ক্ষেত্রবিশেষে কার্যকর উদ্যোগ গ্রহণ;

(২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তা ও উন্নয়ন-সংশ্লিষ্ট বিষয়াবলি জেলা ও বিভাগীয় আইনশৃঙ্খলা কমিটি এবং জেলা ও বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভায় নিয়মিতভাবে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ;

(৩) পারমাণবিক শক্তির শান্তিপূর্ণ ব্যবহার সম্পর্কিত বিষয়ে জনগণের সচেতনতা সৃষ্টি এবং এ বিষয়ে অনুকূল জনমত গঠন;

(৪) প্রকল্পটির নির্মাণ ও বাস্তবায়নের কার্যক্রম মনিটরিং-এর জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

(৫) প্রকল্পের জন্য দেশজ নির্মাণ সামগ্রী/দ্রব্যাদি ও সেবা প্রদানে স্থানীয় যোগ্যতা নিরূপণ এবং স্থাপনা নির্মাণ-সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম তদারকিতে সহায়তা প্রদান;

(৬) প্রকল্পের পার্শ্ববর্তী এলাকায় অব্যবহৃত ভূমি ও খাসজমি প্রকল্পের কাজে ব্যবহার ও প্রকল্পের আওতাধীন ভূমি ব্যবস্থাপনায় সার্বিক সহায়তা প্রদান;

(৭) প্রকল্পের মালামাল/ভারী যন্ত্রপাতি পরিবহনের লক্ষ্যে সম্ভাব্য নৌপথ, রেলপথ ও সড়কপথ মেরামত এবং সংস্কারের জন্য স্থানীয় পর্যায়ে উদ্যোগ গ্রহণ; এবং

(৮) স্থানীয়ভাবে নিউক্লিয়ার সেফটি ও সিকিউরিটি কালচার গড়ে তোলার লক্ষ্যে জনসম্পৃক্ততা ও জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ।

(ঘ) কমিটি প্রতি তিনমাসে আবশ্যিকভাবে একবার সভা করবে। সভার কার্যবিবরণী প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করবে। তবে, জরুরি প্রয়োজনে কমিটি যেকোন সময়ে সভা আহ্বান করতে পারবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী**
অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন)
মন্ত্রিপরিষদ বিভাগ

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.